রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, সেপ্টেম্বর ৪, ২০২১

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২০ ভাদ্র, ১৪২৮ মোতাবেক ০৪ সেপ্টেম্বর, ২০২১

নিম্নলিখিত বিলটি ২০ ভাদ্র, ১৪২৮ মোতাবেক ০৪ সেপ্টেম্বর, ২০২১ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ২৮/২০২১

### Development Board Laws (Repeal) Ordinance, 1986 রহিতকরণকল্পে আনীত বিল

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৮২ সনের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সনের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক আদেশ দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহের, অতঃপর উক্ত অধ্যাদেশসমূহ বলিয়া উল্লিখিত, অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তপসিলের অনুচ্ছেদ ১৯ বিলুপ্ত হইয়াছে এবং সিভিল আপিল নং ৪৮/২০১১ এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পাইয়াছে; এবং

যেহেতু ২০১৩ সনের ৭ নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশসহ Development Board Laws (Repeal) Ordinance, 1986 (Ordinance No. XLVI of 1986) কার্যকর রাখা হইয়াছে; এবং



মূল্য : টাকা ৪.০০

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া সরকার Development Board Laws (Repeal) Ordinance, 1986 রহিত করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে, Development Board Laws (Repeal) Ordinance, 1986 (Ordinance No. XLVI of 1986) রহিত করিবার লক্ষ্যে একটি রহিতকরণ আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন ‘Development Board Laws (Repeal) Ordinance, 1986 (রহিতকরণ) আইন, ২০২১’ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **Development Board Laws (Repeal) Ordinance, 1986 (Ordinance No. XLVI of 1986) রহিতকরণ ও হেফাজত।**—(১) Development Board Laws (Repeal) Ordinance, 1986 (Ordinance No. XLVI of 1986), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Ordinance এর অধীন গৃহীত কোনো কার্যধারা বা মামলা বা আইনগত কার্যধারা চলমান থাকিলে উহা এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত Ordinance রহিত হয় নাই।

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

(ক) সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৮২ সনের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সনের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক আদেশ দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহ অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তপসিলের অনুচ্ছেদ ১৯ বিলুপ্ত হওয়ায় এবং সিভিল আপিল নং ৪৮/২০১১ -এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উল্লিখিত সময়ে জারীকৃত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পাইয়াছে। পরবর্তীতে উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখিবার স্বার্থে ‘১৯৮২ সনের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সনের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩’ (২০১৩ সনের ৭ নং আইন) প্রণয়ন করা হয়।

(খ) সামরিক শাসনামলে জারীকৃত অধ্যাদেশসমূহ নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়নের বিষয়ে মন্ত্রিসভা-বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ-ছাড়া বর্তমান প্রেক্ষাপটে কোনো অধ্যাদেশ আইন আকারে প্রণয়নের আবশ্যকতা প্রতিভাত না হইলে সে-বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

(গ) 'Development Board Laws (Repeal) Ordinance, 1986' উল্লিখিত সামরিক শাসনামলে প্রণীত। উক্ত অধ্যাদেশটির মাধ্যমে Khulna Division Development Board Ordinance, 1976, Rajshahi Division Development Board Ordinance, 1976, Dhaka Division Development Board Ordinance, 1976, Chittagong District Development Board Ordinance, 1982 এবং Comilla, Noakhali and Sylhet Districts Development Board Ordinance, 1982 রহিত করা হয়। 'Development Board Laws (Repeal) Ordinance, 1986' প্রণয়নের মাধ্যমে উল্লিখিত ডেভলপমেন্ট বোর্ডসমূহের সম্পদ ও দায় ইতোমধ্যে সরকারের অনুকূলে ন্যস্ত হওয়ায় এবং বোর্ডসমূহের অধীনে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের চাকরি সরকারের নিকট হস্তান্তরিত হওয়ায় বর্তমান প্রেক্ষাপটে অধ্যাদেশটির কোনো প্রাসঙ্গিকতা নেই। 'Development Board Laws (Repeal) Ordinance, 1986' কেবল একটি রহিতকরণ (Repealing) আইন হওয়ায় উহার প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া সরকার অধ্যাদেশটি রহিত করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে।

(ঘ) বর্ণিত উদ্দেশ্য ও কারণে 'Development Board Laws (Repeal) Ordinance, 1986 (রহিতকরণ) আইন, ২০২১' শীর্ষক বিলটি মহান জাতীয় সংসদের বিবেচনার জন্য উত্থাপন করিতেছি।

**আনিসুল হক**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**কে, এম, আব্দুস সালাম**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক, (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd